# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**20 MAY 2025** **7:45—7:55 PM IST**

==========================================================

(১) সুরক্ষিত সমাজ গঠনের ক্ষেত্রে জনসাধারণকেন্দ্রীক পুলিশ বাহিনীর বিশেষ ভূমিকা রয়েছে বলে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মার মন্তব্য/

(২) আসাম সহ  সমগ্র উত্তর-পূর্বাঞ্চলে প্রবল বৃষ্টিপাতের সম্ভাবনার পরিপ্রেক্ষিতে ভারতীয় আবহাওয়া দপ্তরের হলুদ সংকেত জারি/

(৩) রাজ্যে বরাক, ব্রহ্মপুত্র সহ নদী প্রণালী সম্বৃদ্ধ জলপথগুলি বাণিজ্য ও অর্থনৈতিক বিকাশের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে বলে কেন্দ্রীয়জাহাজ পরিবহণ মন্ত্রী সর্বানন্দ সনোয়ালের মন্তব্য/

এবং

(৪) শিলচরের ঐতিহ্যবাহী গুরুচরণ কলেজের বহু প্রাচীন কাঁঠাল গাছটি আজকের ঝড়ে উপড়ে পড়ে যায়/ দুই কলেজ অধ্যাপকের গাড়ি ক্ষতিগ্রস্ত/

---

রাজ্যের আইন শৃঙ্খলা পরিস্থিতি শক্তিশালী করে তোলা এবং জরুরীকালীন সহায়তা ব্যবস্থাকে  আরো সক্রিয় করে তোলার কৌশল বিকাশের লক্ষে আজ দেরগাও এর লাচিত বরফুকন পুলিশ একাডেমিতে পুলিশ সুপারদের সম্মেলনের আয়োজন করা হয় । মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা সম্মেলনে অংশ গ্রহণ করে একটি সুরক্ষিত সমাজ গড়ার জন্য সহযোগীতাপূর্ন , জনসাধারণকেন্দ্রীক পুলিশ বাহিনীর বিশেষ ভূমিকা রয়েছে বলে মন্তব্য করেন ।উল্লেখ্য মুখ্যমন্ত্রী হিসেবে দায়িত্বভার গ্রহণ করার পর ড: শর্মা প্রতি ছমাসে আসাম পুলিশ সুপারদের সম্মেলন অনুষ্ঠিত করার কথা ঘোষনা করেছিলেন ।

মুখ্যমন্ত্রী রাজ্যে আইন শৃঙ্খলা ও শাসন ব্যবস্থা সুনিশ্চিত করার জন্য পুলিশ সুপারদের লক্ষ্য স্থির করে দিয়েছিলেন ।সম্মেলনে মুখ্যমন্ত্রী ড: শর্মা  বিভিন্ন জেলার পুলিশ সুপারদের থেকে বিগত সময়কালের কাজ কর্ম ও আইন শৃঙ্খলা পরিস্থিতি সম্পর্কিত বিশেষ তথ্য গ্রহণ করেন ।

এর আগে মুখ্যমন্ত্রী আজ গোলাঘাট  জেলার খুমটাইর বরুয়াবামুনগাও এ পরিত্যক্ত আসাম সমবায়  চিনিকলের স্থান পরিদর্শন করেন ।

---------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় সরকার ভারতীয় পুলিশ সেবার প্রবীন আধিকারিক তথা বর্তমান ইন্টেলিজেন্স ব্যুরোর সঞ্চালক তপন ডেকার  কার্যকাল আরো একবছর বৃদ্ধি করেছে । কেন্দ্রীয় কর্মচারী প্রশাসন ও প্রশিক্ষণ মন্ত্রনালয়ের অধীন কেবিনেট ও এষ্টাব্লিশমেন্ট আধিকারিক নিযুক্তি কমিটি আজ নতুনদিল্লীতে জারি করা  বিজ্ঞপ্তী অনুযায়ী শ্রীডেকার কার্যকাল একবছর বৃদ্ধি করা হয়েছে । আগামী ৩০ শে  জুন থেকে তা কার্যকর হবে ।

---------------------------------------------------------------------------------------

বাংলাদেশ ও মায়ানমার থেকে আসা অবৈধ নাগরিককে শনাক্ত করে বহিষ্কারের জন্য কেন্দ্রীয় সরকার রাজ্য তথা কেন্দ্রীয়শাসিত অঞ্চলগুলিকে একমাসের সময়সীমা নির্ধারণ করে দিয়েছে । ভারতীয় বলে দাবী করা সন্দেহজনক বাংলাদেশ ও মায়ানমারের নাগরিকের নথিপত্রগুলি  যাদি ৩০ দিনের মধ্যে সত্য বলে প্রমানিত নাহয় তাহলে তাদেরকে বহিষ্কারের ব্যবস্থা গ্রহণ করতে হবে বলে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রনালয়ের জারি করা নির্দেশে উল্লেখ  করা হয়েছে ।রাজ্য তথা কেন্দ্রশাসিত অঞ্চলগুলিতে অনুপ্রবেশকারী বাংলাদেশী নাগরিক ও বাইরের অন্য দেশের শরনার্থীদের তথ্য রাখা সহ এই লোকেদের তালিকা বহিষ্কারের জন্য বি এস এফ কে দিতে হবে বলে সূত্রে জানানো হয়েছে ।মন্ত্রনালয় ব্যুর অব ইমিগ্রেশনকে বহিষ্কার করা ব্যাক্তির তালিকা সরকারী পোর্টেলে প্রকাশ করতে নির্দেশ দিয়েছে ।

---------------------------------------------------------------------------------------

রাজ্য তথা উত্তরপূর্বাঞ্চলের আভ্যন্তরীন জলপথের দ্রুত উন্নয়ন ও রুপান্তরের জন্য কেন্দ্রীয় সরকার সদূরপ্রসারী দৃষ্টিভংগী নিয়ে অগ্রসর হচ্ছে বলে কেন্দ্রীয় বন্দর , জাহাজ পরিবহণ ও জলপথ মন্ত্রী সর্বানন্দ সনোয়াল মন্তব্য করেছেন । গৌহাটীর সামুদ্রিক দক্ষতা বিকাশ  কেন্দ্রে ভারতীয় আভ্যন্তরীন জলপথ কতৃপক্ষের অধীন আসাম তথা উত্তরপূর্বাঞ্চলে রুপায়িত হয়ে থাকা প্রকল্পগুলির পর্যালোচনা করে শ্রী সণোয়াল গত দুবছরে অঞ্চলটিতে এই ক্ষেত্রে এক হাজার কোটি টাকা বিনিয়োগ করা হয়েছে বলে জানান ।এর মধ্যে ৩০০ কোটি টাকা ব্যয় সাপেক্ষ প্রকল্পের কাজ ইতিমধ্যে সম্পন্ন

হয়েছে বলে জানিয়ে মন্ত্রী বাকী থাকা ৭০০ কোটি টাকা ব্যয় সাপেক্ষ প্রকল্পের কাজ ত্বরান্বিতভাবে রুপায়ন করতে বিভাগীয় আধিকারিকদের নির্দেশ দেন ।তিনি অঞ্চলটির জলপথ উন্নয়নে অতিরিক্ত এক হাজার কোটি টাকা বিনিয়োগ খুব শীঘ্র করা হবে বলে জানান ।মন্ত্রী সম্প্রতি আসামে ব্রহ্মপুত্র ও বরাক সহ নদী প্রণালী সমৃদ্ধ জলপথগুলি বানিজ্য ও অর্থনৈতিক বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে বলে মন্তব্য করেন ।

--------------------------------------------------------------------------------

নগাঁও জেলার হয়বরগাঁও রেল স্টেশন সহ দেশের মোট ১০৩টি রেল স্টেশনকে আগামী বৃহস্পতিবার অমৃত ভারত স্টেশনে উন্নীত করা হবে । প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ভার্চুয়াল ব্যবস্থায় স্টেশনগুলির উদ্বোধন করবেন । উত্তর-পূর্ব সীমান্ত রেলের জনসংযোগ আধিকারিক আজ নগাঁওতে এক সাংবাদিক সম্মেলনে এই বিষয়ে জানিয়েছেন । ঐদিন হয়বরগাঁও রেল স্টেশনে এই উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে রাজ্যপাল লক্ষ্মণ প্রসাদ আচার্য অংশগ্রহণ করবেন । উল্লেখ্য- অমৃত ভারত স্টেশন প্রকল্পের অধীনে ১৮৮৭ সালে স্থাপিত হয়বরগাঁও স্টেশনকে আধুনিক রূপে সাজিয়ে তোলা হয়েছে । অমৃত ভারত স্টেশনগুলিতে উভয় দিক থেকে যাত্রী প্রবেশের সুবিধা, যাত্রীদের জন্য ফুটব্রীজ, দিব্যাঙ্গদের জন্য উপযুক্ত সুযোগ সুবিধা, বিনামূল্যে ওয়াই-ফাইয়ের সুবিধা সহ স্টেশনে শপিং মল এবং ইন্টারনেট ক্যাফে'র সুবিধা থাকবে । এছাড়া নতুন করে নির্মাণ করা স্টেশনগুলিতে স্থানীয় সংস্কৃতি প্রতিফলিত করার মত বিভিন্ন প্রতিকৃতি ও আলোকচিত্রের সমাহার থাকবে ।

--------------------------------------------------------------------------------

ভারত বিশ্ব স্বাস্থ্য সংস্থার দ্বারা জনস্বাস্থ্য সমস্যা হিসেবে স্বীকৃত চোখের একধরণের সংক্রামক রোগ ট্রাকোমা নির্মূলকরণ প্রমাণপত্র লাভ করেছে । জেনেভায় অনুষ্ঠিত ৭৮তম বিশ্ব স্বাস্থ্য মহাসভায় এই প্রমাণপত্র প্রদান করা হয় । রোগ নির্মূলকরণ এবং প্রতিরোধমূলক স্বাস্থ্যসেবার ক্ষেত্রে বহনক্ষম প্রচেষ্টা এবং সবার জন্য সু-স্বাস্থ্য নিশ্চিত করার লক্ষ্যে ভারতের প্রতিশ্রুতিবদ্ধ থাকার নিদর্শন স্বরূপ এই সম্মান প্রদান করা হয়েছে । উল্লেখ্য- গত বছরের আট অক্টোবর বিশ্ব স্বাস্থ্য সংস্থা ভারত সরকারের ট্রাকোমা রোগ নির্মূল করার কথা ঘোষণা করেছিল ।

--------------------------------------------------------------------------------

আসাম তথা উত্তরপূর্বাঞ্চলে প্রবল বৃষ্টির জন্য ভারতীয় আবহাওয়া বিজ্ঞান কেন্দ্র হলুদ সংকেত জারি করেছে । আসামের বিভিন্ন স্থানে আগামী দুতিনদিন ধারাবাহিক বৃষ্টিপাত হোয়ার সম্ভাবনা রয়েছে বলে সূত্রে জানানো হয়েছে । গতকাল মধ্যরাত থেকে গৌহাটি

ও এর পাশ্ববর্তী কোনো কোনো স্থানে ১০০ থেকে ১১২ দশমিক ৫ মিলিমিটার পর্যন্ত বৃষ্টি হয় । বৃষ্টির ফলে গৌহাটীর বিস্তীর্ন অঞ্চল প্লাবিত হোয়া সহ আসামের সংগে মেঘালয় ও আরো কয়েকটি রাজ্যকে সংযোগ করা ২৭ নম্বর জাতীয় সড়কের কিছু অংশ খানাপারায় প্লাবিত হোয়ার ফলে যোগাযোগ ব্যবস্থায় প্রভাব পড়েছে ।

---------------------------------------------------------------------------------------

শিলচর গুরুচরণ কলেজের ঐতিহ্যবাহী বহু প্রাচীন কাঁঠাল গাছটি অবশেষে আজ ভেঙে পড়েছে । আজ সকালে প্রবল ঝড়বৃষ্টির মধ্যে আচমকা গাছটির বিশাল কান্ড উপড়ে পড়ে যায় । এরফলে গাছটির তলায় দাঁড় করিয়ে রাখা এই কলেজের দুজন অধ্যাপকের গাড়ি ক্ষতিগ্রস্ত হয়েছে । এরমধ্যে একজন অধ্যাপক অল্পের জন্য রক্ষা পান । উল্লেখ্য গত ২৯শে এপ্রিল রাতে গাছটির একটি বড় ডাল ঝড়বৃষ্টি ছাড়াই হঠাৎ ভেঙে পড়ে। এরপর গাছটির বাকি অংশও হেলে পড়ে । বিপদের আশঙ্কায় কলেজ কর্তৃপক্ষ বন বিভাগের সঙ্গে যোগাযোগ করে । এছাড়া এই কলেজের উদ্ভিদ বিভাগের পক্ষ থেকে গাছটির স্বাস্থ্য পরীক্ষা করে পোকার আক্রমণে গাছটি দুর্বল হয়ে পড়েছে বল;এ আশঙ্কা প্রকাশ করা হয়েছিল । কলেজের অধ্যক্ষ অপ্রতিম নাগ জানিয়েছেন যে- গাছটির একাংশ ভেঙে পড়ার পর দেশ-বিদেশে ছড়িয়ে থাকা এই কলেজের প্রাক্তনীদের মধ্যে তীব্র প্রতিক্রিয়া এখা দিয়েছিল । অনেকেই এই ঐতিহ্যবাহী গাছটি সংরক্ষণের কথা বলেছিলেন । এর পরিপ্রেক্ষিতে একটি কমিটি গঠন করা হয়। এবং কলেজের পক্ষ থেকে গাছটির চারপাশে লোহার ঘেরাও দেওয়ার পরিকল্পনা নেওয়া হয়েছিল । কিন্তু এর আগেই গাছটি হঠাৎ করে ভেঙে পড়ে যায় । তিনি এই কাঁঠাল গাছটিকে ‘সেন্টিনেল অব দ্য কলেজ’ বলা হত বলেও উল্লেখ করেন । প্রায় শতবর্ষের কাছাকাছি চলে আসা শিলচর গুরুচরণ কলেজের লক্ষ লক্ষ ছাত্রীদের সঙ্গে এই কাঁঠাল গাছের অসংখ্য স্মৃতি জড়িয়ে রয়েছে । গাছটি ভেঙে পড়ার সঙ্গে সঙ্গে বহু ছাত্রছাত্রীর জীবনের অমূল্য স্মৃতি এবং এক আবেগঘন অধ্যায়ের পরিসমাপ্তি হল ।

---------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলার পড়ে থাকা পতিত জমি ব্যবহার করে শাক সবজী ও খাদ্যশস্যের উৎপাদন বৃদ্ধি করতে হবে । কেন্দ্রীয় জল শক্তি প্রতিমন্ত্রী ডক্টর রাজ ভূষন চৌধুরী আজ দক্ষিন হাইলাকান্দির অলইছড়ায় কৃষি বিভাগের অধীনে ১০ হেক্টর জমিতে চাষ করা পাম তৈলবীজ নার্সারী পরিদর্শন করে কৃষকদের সাথে মত বিনিময় করে একথা বলেন । এরপর কেন্দ্রীয় মন্ত্রী শ্রী চৌধুরী কুচিলায় জমি পরীক্ষাগারের পরিদর্শন করে কৃষকদের মাথা পিছু আয় দ্বিগুন করতে কেন্দ্রীয় সরকারের গ্রহন করা বিভিন্ন প্রকল্প দ্রুত বাস্তবায়ন করতে বিভাগীয় আধিকারিকদের নির্দেশ দিয়েছেন ।

---------------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় সড়ক ও মহাসড়ক মন্ত্রকের অধীন ন্যাশনেল হাইওয়ে এন্ড ইনফ্রা স্ট্রাকচার ডেভোলাপমেন্ট কর্পোরেশন লিমিটেডের পক্ষ থেকে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে যে বদরপুরঘাটের গ্যামন সেতুর সংস্কার কাজের জন্য আগামীকাল থেকে আগামী ২০ জুলাই পর্য্যন্ত, দুই মাসের জন্য গ্যামন সেতু দিয়ে সব ধরনের যান চলাচল বন্ধ থাকবে ।

বিজ্ঞপ্তীতে বলা হয়েছে যে গ্যামন সেতুর কাঠামোগত দৃঢ়তা এবং যাত্রীদের নিরাপত্তা সুনিশ্চিত করতে এই পদক্ষেপ গ্রহন করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------------

শিলচর পূর্ত বিভাগের সড়ক সাব-ডিভিশন শাখার সহকারী কার্য্যবাহী বাস্তুকার এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে শিলচর শহরের নাগরিক পরিকাঠামোকে আধুনিক রূপ দেওয়ার লক্ষ্যে আজ থেকে শিলচর পলিটেকনিকের সামনে থেকে মেডিকেল কলেজ রোডের অর্ধেক অংশ সব ধরনের যান চলাচলের জন্য সাময়িকভাবে বন্ধ থাকবে । উল্লেখ্য নাবার্ডের অর্থ সাহায্যে মূখ্যমন্ত্রীর উন্নত পাকা পথ নির্মান যোজনার অধীনে রাঙ্গিড়খারির নেতাজী মূর্তি পয়েন্ট থেকে মেডিকেল কলেজ পয়েন্ট পর্য্যন্ত উন্নতমানের সড়ক নির্মান করা হবে ।  সড়ক বন্ধের কারনে জনসাধারনের মধ্যে অসুবিধার জন্য জেলা প্রশাসন থেকে দু:খ প্রকাশ করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------------